

চুক্তিনামা
সহযোগিতা চুক্তিপত্র
(Cooperation Agreement)

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের পক্ষে-

প্রথম পক্ষ

মো: এমদাদুল হক, অতিরিক্ত সচিব ও প্রকল্প পরিচালক,
“সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন” প্রকল্প, বিসিসি ভবন (৬ষ্ঠ তলা),
শেরে-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।

----- পক্ষে

দ্বিতীয় পক্ষ

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/মাদ্রাসা সুপার

উপজেলাঃ----- জেলাঃ-----

এই চুক্তিপত্র তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের পক্ষে অদ্য-----
---তারিখে প্রকল্প পরিচালক “সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন” প্রকল্প,
বিসিসি ভবন (৬ষ্ঠ তলা), আগারগাঁও, ঢাকা, এবং অধ্যক্ষ/প্রধান শিক্ষক/ সুপার, -----
----- মহাবিদ্যালয়/বিদ্যালয়/মাদ্রাসা, উপজেলা: -----
----- জেলা:----- এর মধ্যে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে উভয়পক্ষ চুক্তি
সম্পাদিত হলঃ

শর্তাবলী

১ম পক্ষ (কর্মসূচী কর্তৃপক্ষ) কর্তৃক করণীয়ঃ

- ১। ১৭টি ল্যাপটপ কম্পিউটার, ১টি লেজার প্রিন্টার, ১টি স্ক্যানার, ১টি এলইডি মাল্টিমিডিয়া প্রজেক্টর (ফ্লীশসহ), ১টি ওজি পকেট রাউটার এবং ০৮টি কম্পিউটার টেবিল (ডাবল) ও ১৬টি চেয়ার এবং ১টি ইন্সট্রাক্টর টেবিল ও ১টি ইন্সট্রাক্টর চেয়ার এর সমন্বয়ে একটি ল্যাব স্থাপন করবে।



পাতা-১

- ২। ল্যাবকক্ষ সংস্কার ও সাইনবোর্ড স্থাপন কাজের ব্যয় বাবদ বরাদ্দকৃত ২০,০০০.০০ (বিশ হাজার) ও ১০,০০০.০০ (দশ হাজার) টাকা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে প্রদানের ব্যবস্থা করবে। বর্ণিত বরাদ্দকৃত অর্থ হতে প্রচলিত বিধি মোতাবেক ভ্যাট কর্তন করা হবে।
- ৩। কম্পিউটার ল্যাবে ইন্টারনেট সংযোগের সুবিধার জন্য ৩জি পকেট রাউটার প্রকল্প থেকে স্থাপন করা হবে।
- ৪। প্রকল্প দপ্তর/আইসিটি বিভাগ/আইসিটি অধিদপ্তর/শিক্ষা বিভাগ/শিক্ষা মন্ত্রণালয় থেকে বিভিন্ন সময়ে কম্পিউটার ল্যাব পরিদর্শন ও মনিটরিং করা হবে।

২য় পক্ষ (শিক্ষা প্রতিষ্ঠান) কর্তৃক করণীয়:

- ১। কম্পিউটার ল্যাব স্থাপনের জন্য প্রতিষ্ঠানের আনুমানিক (২২ফুট দৈর্ঘ্য X ১৮ফুট প্রস্থ) মাপের কক্ষ প্রদানের ব্যবস্থা করবে। কক্ষটি প্রতিষ্ঠানের দ্বিতীয় তলায় অথবা উপযুক্ত স্থানে হওয়া প্রয়োজন। স্যাঁতস্যাঁতে পরিবেশ মুক্ত সুন্দর অবকাঠামো বিশিষ্ট হতে হবে।
- ২। ল্যাবের মালামাল যাতে চুরি/নষ্ট না হয় সেজন্য সতর্কতামূলক বিশেষ ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৩। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সাথে আলোচনা করে প্রকল্প হতে ভ্যাট ও ট্যাক্স কর্তন বাদে বরাদ্দ টাকায় ল্যাবকক্ষ সংস্কার ও সাইনবোর্ড স্থাপন সম্পন্ন করতে হবে। বর্ণিত কাজ সম্পন্ন করে অতিসত্ত্বর প্রকল্প পরিচালকের চাহিদা মোতাবেক প্রত্যয়নপত্র ও খরচের বিপরীতে বিল/ভাউচার নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প পরিচালকের দপ্তরে পাঠাতে হবে। ল্যাবকক্ষ সংস্কার ও সাইন বোর্ড স্থাপনের কাজ নিম্নরূপ হতে হবে-
 - ক) কম্পিউটার ল্যাবের জন্য নির্ধারিত কক্ষ (আনুমানিক ২২ফুট দৈর্ঘ্য X ১৮ফুট প্রস্থ) এর ফ্লোরে প্লাস্টার করা বা প্লাস্টিক ম্যাট বসানো অথবা সুন্দর মেঝে করা;
 - খ) কম্পিউটার ও আনুসঙ্গিক যন্ত্রপাতিতে বিদ্যুৎ সংযোগ দেয়ার জন্য ল্যাবকক্ষে ইলেকট্রিক ওয়ারিং করা/ মেরামত করা।
 - গ) কক্ষের ভিতরের দেয়ালে প্লাস্টার ও দরজা-জানালা সংস্কারের প্রয়োজন হলে তা সম্পন্ন করা;
 - ঘ) প্রয়োজনে রুমের ভিতরের ছাদ সহ দেয়াল ডিস্টেম্পার অথবা চুনকাম করা;
 - ঙ) প্রয়োজনে দরজা-জানালায় পর্দা দেয়া;
 - চ) প্রয়োজনে সিলিং ফ্যান লাগানো এবং
 - ছ) ইটের তৈরী (৩.৫ 'x' ৩' মাপের) প্লাস্টার, রং ও খোদাই করে লেখা সহ সাইনবোর্ড স্থাপন করবেন।
- ৪। কম্পিউটার ল্যাবের জন্য প্রয়োজনীয় বিদ্যুৎ ও ইন্টারনেট বিল সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান পরিশোধ করবে।
- ৫। এ ল্যাব আইসিটি শিক্ষা বিস্তারে কম্পিউটার প্রশিক্ষন কেন্দ্র হিসেবে ব্যবহৃত হবে এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের অনুমতিক্রমে অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীরা প্রশিক্ষণার্থী হিসেবে অংশ গ্রহণ করতে পারবে। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান এ বিষয়ে পূর্ণ সহযোগিতা প্রদান করবে। শিক্ষা কার্যক্রম ব্যহত না করে বাণিজ্যিক ভাবে এ ল্যাব স্থানীয় সাইবার সেন্টার হিসেবে ব্যবহার করা যেতে পারে।
- ৬। ল্যাবের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে এবং সে ক্ষেত্রে প্রতি কর্মদিবসে কম্পিউটার ল্যাবটি আবশ্যিক ভাবে খোলা রাখতে হবে যাতে যে কোন ছাত্র/ছাত্রী যে কোন সময়ে ল্যাব/কম্পিউটার ব্যবহার করতে পারে। আইসিটি শিক্ষা বিস্তারের লক্ষ্যে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রম ব্যহত না করে সরকার অথবা অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের কম্পিউটার বিষয়ক প্রশিক্ষণ কোর্স আয়োজনে সহযোগিতা করবে।

- ৭। প্রয়োজনে এ ল্যাব এসএসসি/এইচএসসি পর্যায়ে কম্পিউটার সায়েন্সের ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র হিসেবে ব্যবহার করা যেতে পারে।
- ৮। সরকারের কোন কাজে ল্যাবের প্রয়োজন হলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।
- ৯। প্রকল্প দপ্তর/আইসিটি বিভাগ/ আইসিটি অধিদপ্তর/শিক্ষা অধিদপ্তর/শিক্ষা মন্ত্রণালয় থেকে আসা পরিদর্শনকারীকে কম্পিউটার ল্যাব পরিদর্শন ও মনিটরিং এর কাজে সহযোগিতা প্রদান করবে।
- ১০। স্থাপিত ল্যাপটপসহ আইটি সরঞ্জাম ও আসবাবপত্রের ওয়ারেন্টি মেয়াদ শেষে কম্পিউটার ল্যাবের কম্পিউটার ও আনুষঙ্গিক সামগ্রী সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান নিজস্ব সম্পত্তি হিসেবে গ্রহণ করবে এবং রক্ষণাবেক্ষনের জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখবে।
- ১১। ল্যাবকক্ষ রেণোভেশন ও সাইনবোর্ড স্থাপন কাজ এবং প্রকল্প হতে প্রাপ্ত ল্যাপটপসহ আইটি সরঞ্জাম ও আসবাবপত্র সমূহ প্রতিষ্ঠানের কার্য রেজিস্ট্রার ও স্থায়ী মালামাল রেজিস্টারে লিপিবদ্ধ করবে এবং রেজিস্টারের সত্যায়িত কপি প্রকল্প অফিসে প্রেরণ করবে।
- ১২। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার বিজ্ঞান বিষয় নাই সে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে অতিসত্ত্বর কম্পিউটার বিজ্ঞান বিষয় খোলা ও একজন কম্পিউটার শিক্ষক নিয়োগ প্রদান নিশ্চিত করতে হবে।

অত্র চুক্তিনামা পড়ে ইহার মর্মার্থ অনুধাবন করে অন্যের বিনা প্ররোচনায় স্ব-জ্ঞানে স্বাক্ষীগনের উপস্থিতিতে স্বাক্ষর করলাম।

১ম পক্ষ-

২য় পক্ষ

মো: এমদাদুল হক
অতিরিক্ত সচিব ও
প্রকল্প পরিচালক,

অধ্যক্ষ/ প্রধান শিক্ষক /মাদরাসা সুপার
মহাবিদ্যালয়/বিদ্যালয়/মাদ্রাসা।

স্বাক্ষর ও সীল

স্বাক্ষীর নাম, স্বাক্ষর ও তারিখ-

স্বাক্ষীর নাম, স্বাক্ষর ও তারিখ-

১।

১। প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সভাপতি/সেক্রেটারী।

২।

২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার।

৩।

৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা/আইসিটি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
..... উপজেলা, জেলা।

..... খ্রি. তারিখে জেলার মোট..... টি শিক্ষা প্রতিষ্ঠানের ল্যাব
কক্ষ রেনভেশন ও সাইনবোর্ড স্থাপন কাজের সমাপ্ত ও ব্যয়িত অর্থের প্রত্যয়নপত্র

বরাদ্দপত্র নং ও কোড	নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের নাম	বরাদ্দকৃত অর্থের পরিমাণ	ব্যয়িত অর্থের পরিমাণ	মন্তব্য
সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে	১।	৩০,০০০/-	এ অফিসের বিল নং
কম্পিউটার ও ভাষা প্রশিক্ষন ল্যাব	২।	৩০,০০০/-, তারিখঃ
স্থাপন প্রকল্পের	৩।	৩০,০০০/- মূলে
স্মারক নং-	৪।	৩০,০০০/-	ভ্যাট বাবদ
৫৬.০৪.০০০০.০০১.০১৮.০০১.১৫-	৫।	৩০,০০০/-	টাকা কর্তন করে
(১০০০)	৬।	৩০,০০০/- টাকা
কোড নং: ৫-২৮১১-৫০১০-৪৯২৭	৭।	উত্তোলন করা হয়েছে।
	

(.....)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
..... উপজেলা, জেলা

যাচাইকৃত

(.....)

উপজেলা হিসাব রক্ষণ অফিসার
..... উপজেলা, জেলা